


৯৭২০৮



০৩ ২০১২

ঢাবি ছাত্রদলের কার্যক্রমে স্থগিতাদেশ প্রত্যাহার

মোশতাক আহমদ ॥ জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ঢাকা মহানগরী উত্তর ও দক্ষিণ শাখার কার্যক্রমের ওপর স্থগিতাদেশ প্রত্যাহার করা।
(৭- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

ঢাবি ছাত্রদলের (প্রথম পাতার পর)

হয়েছে। শুক্রবার বিএনপি কার্যালয়ে আয়োজিত ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার এক জরুরী সভায় বিএনপির ছাত্রবিষয়ক সম্পাদক আমানউল্লাহ আমান বলেছেন, এখন থেকেই ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ঢাকা মহানগরী উত্তর ও দক্ষিণ শাখার কার্যক্রম শুরু করতে হবে। এই সভায়ই সহসাই ছাত্রদল কেন্দ্রীয় কমিটি গঠন করা হবে বলেও জানানো হয়। কেন্দ্রীয় কমিটির কার্যক্রম দীর্ঘদিন ধরে স্থগিত থাকলেও গত কয়েকদিনে ক্যাম্পাস পরিস্থিতির পর আবারও ছাত্রদলকে সক্রিয় করার পরিকল্পনা নিয়েছে বিএনপির হাইকমান্ড। আগামী কিছুদিনের মধ্যেই নতুন করে কেন্দ্রীয় কমিটি গঠন করা হবে বলে ছাত্রদল সূত্রে জানা গেছে। এ নিয়ে বিএনপি ইতোমধ্যে কাজ শুরু করেছে। শুক্রবার পল্টনস্থ কেন্দ্রীয় কার্যালয়ে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। সভায় ছাত্রদলের বিভিন্ন কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ প্রতিমন্ত্রী ও বিএনপির ছাত্রবিষয়ক সম্পাদক আমানউল্লাহ আমান। তিনি নেতাকর্মীদের উদ্দেশ্যে বলেন, অচিরেই নতুন উদীপনায় ছাত্রদলকে যুগোপযোগী করে তেলে সাজানো হবে। তিনি বলেন, সন্ত্রাস, চাঁদাবাজি ও নৈরাজ্য দূর করে মেধাবী, সৃজনশীল নেতৃত্বের মাধ্যমে ছাত্রদল আগামী দিনের নেতৃত্ব দেবে। ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। সভায় ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক মোস্তাফিজুল ইসলাম মামুন বক্তৃতা করেন।

ক্ষমতায় আসার পর জেট সরকার ছাত্র রাজনীতি বন্ধের উদ্যোগ নিলেও ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভূত পরিস্থিতির পর তারা ছাত্র রাজনীতি বন্ধের ব্যাপারে কোন পদক্ষেপ নিচ্ছে না। জানা গেছে, বিএনপির অনেক নেতাই চাচ্ছেন ছাত্রদলের কার্যক্রমকে চাপা করতে। তারা বলছেন, ছাত্রদলের কার্যক্রম সক্রিয় থাকলে এত বড় একটা ঘটনা ঘটত না। তাঁদের মতে, সন্ত্রাসী, অছাত্রদের বাদ দিয়ে ছাত্রদলের কমিটি গঠন করলে কোন অসুবিধা হবে না। তারা এ ব্যাপারে প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার সঙ্গে কয়েকদিনের মধ্যে আলোচনা করবেন বলে জানা গেছে। নেতৃবৃন্দ ছাত্রলীগের ডাকে সফল হরতালের কথা উল্লেখ করে বলেন, ছাত্রদলের কার্যক্রম না থাকায় ছাত্রলীগ দিন দিন সক্রিয় হয়ে উঠছে। এ অবস্থায় ছাত্রদলের কমিটি জরুরী বলে তাঁরা মনে করছেন। তা ছাড়া ছাত্র রাজনীতি বন্ধ করলে সরকারের জনপ্রিয়তা নিয়েও প্রশ্ন উঠবে।

এ ব্যাপারে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি এবং কেন্দ্রীয় (স্থগিত) কমিটির সহসভাপতি মনির হোসেন বলেন, সন্ত্রাসী ও অছাত্রদের বাদ দিয়ে কমিটি গঠন করলেই কোন অসুবিধা হবে না। তিনি বর্তমান সময়ে ছাত্রদলের কার্যক্রম শুরু জরুরী বলে মনে করেন।
উল্লেখ্য, বেগমোয়া চাঁদাবাজি, সন্ত্রাসী কর্মকাণ্ড আর হল দখলের জন্য গত বছরের ১৭ নবেম্বর ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির সকল কার্যক্রম স্থগিত করা হয়। এর পর থেকেই নেতাকর্মীদের মধ্যে বিচ্ছিন্নতা দেখা দেয়।